মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের ‘কবিতা সংকলন’ প্রকাশিত হল। কবির সঙ্গে রয়েছেন সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটির আচার্য সত্যম রায়চৌধুরী, গিল্ডের সভাপতি ত্রিদিবকুমার চট্টোপাধ্যায়, প্রকাশক অধ্যাপক পিনাকী দত্ত। কলকাতা বইমেলায় এসএনইউ স্টলে, শুক্রবার। ছবি: আজকাল

কথার ভিড়ে লুকিয়ে থাকে আরও এক বইমেলা

অন্বয় গুপ্ত

বইমেলা আর দু’দিন। থিকথিক করছে ভিড়। ৯ নম্বর গেট থেকে কাছেই কোরকের স্টল। তাদের নতুন বিশেষ সংখ্যা ‘উদ্যোগপতি বাঙালি’। দ্বারকানাথ ঠাকুর থেকে সেই সংখ্যায় রয়েছেন ইন্দুমাধব মল্লিক হয়ে দুর্গাচরণ গুপ্তদের মতো চেনা–অল্পচেনা বাঙালি উদ্যোগপতিরা। এসবিআই অডিটোরিয়ামে ছিল কলকাতা লিটেরারি ফেস্টের বিশেষ অনুষ্ঠান ‘বাণিজ্যে বসতি বাঙালি’। ত্রিদিবকুমার চট্টোপাধ্যায়ের সঙ্গে কথোপকথনে ছিলেন বিশিষ্ট বাঙালি উদ্যোগপতি সত্যম রায়চৌধুরী, শুভ্র চন্দ্র, শিলাদিত্য চৌধুরি এবং প্রতীক চন্দ্র।

চারদিকে তাকিয়ে চোখে পড়ল নতুন প্রকাশকেরা ব্যানারে বই–বিষয়ক উদ্ধৃতি দিতে পছন্দ করছেন। চোখ টানছে তাও। যেমন ‘কচিপাতা’র বাইরে সাঁটা জোসেফ ব্রডস্কির উক্তি— ‘বই পোড়ানোর চেয়েও গুরুতর অপরাধ অনেক আছে। সেগুলোর মধ্যে একটি হল বই না পড়া।’ কেন টাঙিয়েছে রেদোয়ান মাসুদের উক্তিও— ‘বই হচ্ছে জোনাকি পোকার মতো, চারদিকে অন্ধকার অথচ নিজে জ্বলে থাকে।’

লিট্‌ল ম্যাগাজিন প্যাভিলিয়নে জনপ্রিয় হয়েছে বিশেষ ‘পোশাক আশাক সংখ্যা’। প্রকাশক শুভশ্রী। কৃষ্ণনগরের সাহিত্যপত্রিকা ‘স্কনক’ তাদের বইমেলা সংখ্যা প্রকাশ করেছে। পাঠকের মুখে প্রশংসা শোনা গেল সুস্মিত হালদার, হেদায়েতুল্লাহের গল্পের।

‘রাবণ’ থেকে প্রকাশিত হয়েছে অরিন্দম নন্দীর বিজ্ঞাপন–বিষয়ক গবেষণাগ্রন্থ ‘যাহা বলিব মিথ্যা বলিব’। প্রচ্ছদ দেখে লেদারের ব্যাগ বলে ভ্রম হয়।

বইমেলার ভিড়ে টুকরো–টাকরা আড্ডায় এক ভদ্রলোক বলছিলেন— বই পড়া কোনও স্ট্যাটাস সিম্বল নয় রে, ভালবাসলে ঠিক সময় বেরোয়। দমদমের দিলীপ বসু বলছেন, ‘তোরা সকালে অ বাবু খামচে পড়বি, দুপুরে খ বাবু আর রাতে গ বাবু। ওভাবে হয়? লেখক ধরে ধরে পড়তে হয় বুঝলি। অ বাবু শুরু করলে, তা পুরো শেষ করে তারপর অন্য লেখক।’ গুলেদা বললেন, ‘শোন, ১৬৫৮ সালে অষ্টাদশ শতকের ফ্রান্সের অন্যতম সেরা নাট্যকার রাসিন। চারদিকে প্রচুর বিধিনিষেধ। তারই মধ্যে জমিয়ে পড়ছেন গ্রিক উপন্যাস— থিওগোনিস ও ক্লারিক্লেসের প্রেম। মঠের প্রহরী বইটা কেড়ে নিয়ে সোজা আগুনে ছুড়ে দিলেন। পরে রাসিন আরেক কপি নিয়ে প্রহরীর কাছে হাজির। বললেন পোড়ান। বইটা আমার মুখস্থ হয়ে গেছে।’

আরেক আড্ডায় জোর তর্ক কারা বইমেলায় আসেন না। সোনারপুরের অমিতাভ সাহা বললেন, ‘আমার বইমেলায় না এলেও চলে। আমার এক বন্ধুর আমি যা করব, পরব ওর তা চাই–ই। ও বইপড়ুয়া নয়। লোক দেখাতে ও হাজার হাজার টাকার বই কেনে, পড়ে না একটাও। অত খরচ দেখলে ওর বাড়িতে রাগারাগি করে বলে সব বই আমার বাড়িতে রেখে যায়। সেগুলোই গোগ্রাসে গিলি।’

আরেকজন বললেন, এক চেনা প্রেমিক–যুগলের বিচ্ছেদ হয়ে যায়। একজন নিজের ইউনিভার্সিটির অধ্যাপক, অন্যজন আজ জনপ্রিয় লিখিয়ে। তাই একজন আর ইউনিভার্সিটি যান না, অন্যজন বইমেলায়।

— তা হলে?

— কেন? আমাকে পাঠিয়ে বই কেনায়।

সায়ন্তিকা, রেয়াতকে চিঠি দিলেন রাজ্যপাল

আজকালের প্রতিবেদন

তৃণমূলের দুই বিধায়ক সায়ন্তিকা ব্যানার্জি ও রেয়াত হোসেন সরকারকে আইনি নোটিশ পাঠালেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। যদিও এই নোটিশের বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছে তৃণমূল। বিধানসভার স্পিকার বিমান ব্যানার্জি নিজে এই দুই বিধায়ককে শপথ গ্রহণ করিয়েছিলেন। সেই সময় রাজ্যপালকে বারবার চিঠি দেওয়া সত্ত্বেও তিনি বিধানসভায় শপথ গ্রহণ করাতে উপস্থিত হননি। শুক্রবার সর্বদলীয় বৈঠক ছিল। সায়ন্তিকা বিধানসভায় গিয়েছিলেন। তাঁর অভিযোগ, 'একজন নির্বাচিত জনপ্রতিনিধিকে রাজ্যপাল

‘শপথ বৈধ নয়’

কীভাবে অস্বীকার করেন? দলের সঙ্গে এ বিষয়ে আলোচনা করছি। স্পিকার ও মুখ্য সচেতকের সঙ্গেও কথা বলেছি। দল যেভাবে বলবে, সেভাবেই এগোব।' সঙ্গে যোগ করেন, 'রাজ্যপালের কাছে আমার প্রশ্ন, আমাকে তো স্পিকার নিজে শপথবাক্য পাঠ করিয়েছিলেন। আপনি তাঁর অস্তিত্ব অস্বীকার করছেন কীভাবে?' সায়ন্তিকার সঙ্গে বিধায়ক রেয়াত হোসেন সরকার জানান, 'স্পিকার নিজে একজন আইনজ্ঞ। তিনি নিশ্চয় জানেন, কোনটা ঠিক কোনটা ভুল। তাঁকে বিষয়টা জানিয়েছি। আইনমন্ত্রীকেও জানিয়েছি। দলের নির্দেশ মতো পদক্ষেপ নেব।'

পুলিশ কর্মীর মৃত্যু

ব্যারাকে মৃত্যু হল এক পুলিশ আধিকারিকের। শুক্রবার ঘটনাটি ঘটেছে কাশীপুর পুলিশ ব্যারাকে। মৃতের নাম শান্তনু রায় (৩৫)। রানাঘাটের বাসিন্দা ওই যুবক কলকাতা পুলিশের সেকেন্ড ব্যাটেলিয়নের অ্যাসিস্ট্যান্ট সাব ইনস্পেক্টর পদে কর্মরত ছিলেন। এদিন দুপুরে ব্যারাকে হঠাৎই সংজ্ঞাহীন হয়ে পড়েন শান্তনু।

বীরেন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায়ের বই ‘পায়ে পায়ে পাঁচালি— রাঢ়বাংলার একটি গ্রামের আত্মকথা’র উদ্বোধন অনুষ্ঠান। রয়েছেন আলাপন বন্দ্যোপাধ্যায়, অমর মিত্র, ভগীরথ মিশ্র, প্রচেত গুপ্ত, বিনতা রায়চৌধুরি। রয়েছেন ড. সোনালি চক্রবর্তী ব্যানার্জি, স্বপন বন্দ্যোপাধ্যায়, সুধাংশুশেখর দে এবং দীপ্তাংশু মণ্ডল। এসেছিলেন বালিজুড়ির বাসিন্দারা। বইমেলা প্রেস কর্নারে। শুক্রবার। ছবি: তপন মুখার্জি

রাঢ়বাংলার সমাজ, ইতিহাস, পরম্পরাবোধ নিয়ে বীরেন্দ্রকুমারের আত্মজীবনী

সব্যসাচী সরকার

কোনও লেখকের আত্মজীবনী প্রকাশের দিনে তিনি যে অঞ্চলে বড় হয়েছেন, সেই জন্মভূমির এখনকার বাসিন্দারা এসেছেন— এ দৃশ্য বড় দুর্লভ, বড় হৃদয়গ্রাহী। এ থেকেই বোঝা যায়, লেখক তাঁর সমাজ ও মানুষকে কতটা আপনার ভাবতেন। বইপ্রকাশের অনুষ্ঠানে এসে সেই মানুষেরাই তাঁকে যেন শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে গেলেন।

রাঢ়বাংলার সমাজ ও স্মৃতিধৃত অচঞ্চল পরম্পরাবোধ নিয়ে বাংলা সাহিত্যের দরবারে এসেছিলেন বীরেন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায়। ঔপনিবেশিক আমলের গোধূলিবেলায় পশ্চিম বর্ধমানে অভাবে সংসারে বড় হয়েছিলেন তিনি। প্রত্যক্ষ করেছিলেন মন্বন্তর, অপুষ্টি এবং তজ্জনিত কারণে মায়ের মৃত্যুও। কিন্তু তার পাশাপাশি তিনি পেয়েছিলেন রাঢ়বাংলার বালিজুড়ি গ্রামের কালীপুজো, দুর্গাপুজো, ভাদুপুজো, যাত্রা, নাট্যচর্চা এবং আত্মীয়–বান্ধবপূর্ণ বৃহৎ কৌমজীবন।

শুক্রবার বইমেলায় উদ্বোধন হল বীরেন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায়ের আত্মজীবনীমূলক গ্রন্থ ‘পায়ে পায়ে পাঁচালি— রাঢ়বাংলার একটি গ্রামের আত্মকথা’। উদ্বোধন অনুষ্ঠানে এসেছিলেন বরেণ্য কবি–সাহিত্যিকরা। ছিলেন বীরেন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায়ের পুত্র, মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায়, পুত্রবধূ জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারম্যান ড. সোনালি চক্রবর্তী ব্যানার্জি, সাহিত্যিক অমর মিত্র, ভগীরথ মিশ্র, কবি সুবোধ সরকার, সাহিত্যিক বিনতা রায়চৌধুরি, প্রচেত গুপ্ত। এসেছিলেন দে’জ পাবলিশিংয়ের কর্ণধার সুধাংশু শেখর দে এবং বইটির প্রকাশক দীপ প্রকাশনের কর্ণধার দীপ্তাংশু মণ্ডল।

ভাষণে বাবার লেখা বইটি সম্পর্কে বলতে গিয়ে আলাপন বন্দ্যোপাধ্যায় বলেন, ‘তারাশঙ্কর–শৈলজানন্দের ভাবশিষ্য ও স্নেহধন্য বীরেন্দ্রকুমারের লেখায় রাঢ় প্রকাশিত হয়েছে তার সহস্র বছরের চিরায়ত রূপে, পর্ব থেকে পর্বান্তরে।’ বাবা সম্পর্কে স্মৃতিচারণায় আলাপন বন্দ্যোপাধ্যায় বলেন, ‘পরিণত বয়সে রাষ্ট্রায়ত্ত সংস্থার উচ্চপদে আরোহণ করেছিলেন, জীবনে সর্ব অর্থে সাফল্য পেয়েছিলেন, কিন্তু আমৃত্যু নিজের মধ্যে লালন করেছিলেন এক অপুকে। পায়ে পায়ে পথ চলাতেই যার আনন্দ। পায়ে পায়ে পাঁচালি— তাঁর স্থানকালের লাবণ্যময় মায়াবী আখ্যান। বস্তুত এ কোনও ব্যক্তিগত আত্মকথা মাত্র নয়, সমগ্র রাঢ় বাংলা যেন বাঙ্ময় হয়েছে এই অভূতপূর্ব চলচ্ছবিতে’ সাহিত্যিক অমর মিত্র এই বইটি ভূমিকা লিখেছেন। তিনি বলেন, ‘বাংলায় যত আত্মজীবনীমূলক গুরুত্বপূর্ণ গ্রন্থ প্রকাশিত হয়েছে, এই বইটি সেই ধারায় উজ্জ্বল হয়ে থাকবে।’ ভগীরথ মিশ্রের মূল্যায়ন, ‘বইটি পড়তে গিয়ে আমার মনে হয়েছে, শুধু একজন মানুষের স্মৃতিকথা নয়, এটা রাঢ়বাংলার ইতিহাস। এই বইয়ে লৌকিক ঘ্রাণ যুক্ত করেছেন তিনি। আমি আমার শৈশব খুঁজে পেয়েছি।’ বিনতা রায়চৌধুরির কথায়— ‘এই বইয়ে জীবনের সারসত্য, জীবনের দুঃখ, দারিদ্র্য, বড় হয়ে ওঠা— সবই অকপটে রয়েছে।’ কবি সুবোধ সরকার বলেন, ‘এই আত্মজীবনী গ্রন্থ অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্রামের আত্মকথা, নিজের আত্মকথা মিলে গেছে।’ লেখকের ভ্রাতুষ্পুত্র স্বপন বন্দ্যোপাধ্যায় স্মৃতিচারণায় বলেন, ‘ব্যক্তিগত মূল্যবোধকে মাথায় রেখে তিনি সামগ্রিক সমাজপ্রীতিকে অন্তরের অন্তঃস্থলে স্থান দিয়েছেন।’ প্রকাশক দীপ্তাংশু মণ্ডল বলেছেন, ‘বইটি প্রকাশ করতে পেরে আমরা গর্বিত।’

pnb Housing Finance Limited
Ghar Ki Baat

পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি, রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নয়া দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com

কলকাতা ব্রাঞ্চ: পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড, ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা– ৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘C’–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী **‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’ তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: **www.pnbhousing.com.**

লোন নম্বর, ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীগণের নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি–র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/KOL/0519/ 696088, ব্রাঞ্চ অফিস: কলকাতা অশোক সিং / সিকন্দর যাদব (জামিনদার)	₹১৬,৪২,৮৫০.০৮ ১৮.০৪.২০২২ অনুযায়ী	বাস্তবিক দখল	সংশ্লিষ্ট প্রেমিসেসের কমন এরিয়া সমেত ‘সাধনা অ্যাপার্টমেন্টস’ নামক প্রস্তাবিত জি+৪ তলবিশিষ্ট বিল্ডিংয়ের ‘বি’ ব্লকের ৪ নং ফ্লোরে সুপার বিল্ট আপ এরিয়া অন্তর্ভুক্ত করে সামান্য কমবেশি ৭৩৫ বর্গফুট মাপের ফ্ল্যাট নং ৪০১–এর অপরিহার্য সমগ্র পরিমাণ, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত সামান্য কমবেশি ৫ (পাঁচ) ডেসিমেল বাস্তু জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার, যার হাল খতিয়ান নং ৩৮৮৩, হাল দাগ নং ৮৪৬, আর এস খতিয়ান নং ১৬৫, তৎসহ সামান্য কমবেশি ৩ (তিন) ডেসিমেল জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার, যার হাল দাগ নং ৫২৪, হাল খতিয়ান নং ৩৮৮৩, আর এস খতিয়ান নং ৮০১, মোট জমি ৮ (আট) ডেসিমেল বা ৫ (পাঁচ) কাঠা ৭ (সাত) ছটাক ৪০ (চল্লিশ) বর্গফুটের সমতুল, এর অবস্থান: জে এল নং ৫, পরগনা ও মৌজা– ধাড়সা, হাওড়া পুরনিগমের ৪৭ নং ওয়ার্ড, থানা– জগাছা এবং এটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর– সুবলচন্দ্র দাসের জমি; দক্ষিণ– সরকারি রাস্তা; পূর্ব– সুকুমার সাহার জমি; পশ্চিম– সুবলচন্দ্র দাসের জমি।	₹১৫,৭৫,০০০	₹১,৫৭,৫০০	২৭.০২.২০২৫	₹১০,০০০	১৫.০২.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	২৮.০২.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই
HOU/KOL/1221/ 935616 ব্রাঞ্চ অফিস: কলকাতা সুবীর সরকার/ রুপালি সরকার	₹১৪,৭৩,৯৭২ ০৫.১০.২০২৩ অনুযায়ী	বাস্তবিক দখল	প্রায় ২ কাঠা জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: মৌজা– বাঁশপুল, জে এল নং ৩২, এলওপি নং ২৭৬, সি এস দাগ নং ৯৯, আর এস এবং এল আর দাগ নং ৪৭০, এল আর খতিয়ান নং ৫০৬৭, হোল্ডিং নং ৪/৮৮/১৫, কল্যাণগড়, থানা– অশোকনগর, অশোকনগর–কল্যাণগড় পুরসভার ৪ নং ওয়ার্ডের এলাকাধীন, জেলা– উত্তর ২৪ পরগনা এবং এটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর– শ্রী সুজিত রায়ের সম্পত্তি; দক্ষিণ– পূরসভার ৮ ফুট চওড়া পাকা রাস্তা; পূর্ব– পূরসভার ১০ ফুট চওড়া পাকা রাস্তা; পশ্চিম– এলওপি নং ২৭৭।	₹১১,৮২,০০০	₹১,১৮,২০০	২৭.০২.২০২৫	₹১০,০০০	১৫.০২.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	২৮.০২.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাবে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং ‘K’–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।
১. আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই।
২. নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং ‘K’–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে গুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে।
৩. অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে।
৪. ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স M১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, যোগাযোগের টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০, অথবা, www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ০৮.০২.২০২৫

অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড

Chola Enter a better life

চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড
কর্পোরেট অফিস: ‘চোলা ক্রেস্ট’, সি৫৪ এবং ৫৫, সুপার বি–৪, থিরু ভি ক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিণ্ডি, চেন্নাই–৬০০০৩২, ভারত
রিজিওনাল অফিস: ৫৫ এবং ৫৫/১, চৌরঙ্গি রোড, ৪ নং ফ্লোর, চৌরঙ্গি কোর্ট, রবীন্দ্র সদনে নেহরু চিলড্রেনস মিউজিয়ামের বিপরীতে, কলকাতা–৭০০০৭১, পশ্চিমবঙ্গ

রুল ৮(১)–এর অধীনে প্রতীকী দখল বিজ্ঞপ্তি

যেহেতু:
মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ [এখানে এর পরে ‘উক্ত অ্যাক্ট’ হিসেবে উল্লিখিত]–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে উল্লিখিত ঋণগ্রহীতাগণ–এর প্রতি নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে তাঁদের থেকে পাওনা অর্থাঙ্ক ও এর ওপর সুদ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতাগণ দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে লেখা তারিখে কোম্পানির কাছে বন্ধক প্রদত্ত নিম্নবর্ণিত সম্পত্তির **প্রতীকী দখল** নিয়েছেন।
বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক, তদুপরি সুদ ও অন্যান্য চার্জ সমেত **মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
উক্ত সিকিউরিটাইজেশন অ্যাক্টের ১৩(৮) ধারাধীনে বিক্রির প্রজ্ঞাপন জারির আগে যাবতীয় মাশুল, চার্জ ও খরচ সমেত বকেয়া অর্থাঙ্ক পুরোপুরি প্রদান করে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে পারবেন।

ক্রম নং	ঋণগ্রহীতা নাম ও ঠিকানা এবং লোন অ্যাকাউন্ট নম্বর	দখলী সম্পত্তির বিবরণ	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) বকেয়া অর্থাঙ্ক গ) প্রতীকী দখলের তারিখ
১	**ক) লোন অ্যাকাউন্ট নম্বর: X0HEGKL00001718307** **আবেদনকারী: ধরণীধর এশোর** ৮/১৩বি, প্রভুরাম সরকার লেন থানা ট্যাংরা, কলকাতা–৭০০০১৫ **সহ–আবেদনকারী: সুমিতা বর্মন** ৮/১৩বি, প্রভুরাম সরকার লেন থানা ট্যাংরা, কলকাতা–৭০০০১৫	স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের সমগ্র, সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি ৪৫৬ বর্গফুট, দক্ষিণ–পশ্চিম দিকে, সামান্য কমবেশি ১ কাঠা ৯ ছটাক ১৯ বর্গফুট জমির অবিভক্ত সমানুপাতিক অংশ সহ, প্রেমিসেস নং ৮/৮এ, প্রভুরাম সরকার লেন, থানা ট্যাংরা, কলকাতা পুরনিগমের ওয়ার্ড নং ৫৮, কলকাতা–৭০০০১৫। **চৌহদ্দি:** উত্তরে: প্রেমিসেস নং ৯, প্রভুরাম সরকার লেন, দক্ষিণে: ২০ ফুট চওড়া কমন প্যাসেজ (সরকারি রাস্তা), পূর্বে: প্রেমিসেস নং ৮/৭, প্রভুরাম সরকার লেন, পশ্চিমে: প্রেমিসেস নং ৮/৮, প্রভুরাম সরকার লেন।	**ক) ১৪.১১.২০২৪** **খ) ₹২০,৯৪,৮৯৮.০০** (কুড়ি লক্ষ চুরানবুই হাজার আটশো আটানবুই টাকা মাত্র), ১৪.১১.২০২৪ অনুযায়ী সহ তার উপর সুদ **গ) ০৬.০২.২০২৫ (প্রতীকী দখল)**

তারিখ: ০৮.০২.২০২৫
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

জোনাল অফিস, কলকাতা নর্থ
জিডি–৩৭৭/৩৭৮, সল্ট লেক, সেক্টর–৩, কলকাতা–৭০০১০৬

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্